“শেখ হাসিনার উদ্যোগ, ঘরে ঘরে বিদ্যুৎ”
ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিঃ
(ওজোপাডিকো)
ব্যবস্থাপনা পরিচালক এর দপ্তর

গত ১৭ জানুয়ারি ২০২২ তারিখে ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।

| | |
|---|---|
| সভাপতি | মোঃ আজহারুল ইসলাম<br>ব্যবস্থাপনা পরিচালক |
| সভার তারিখ | ১৭ জানুয়ারি ২০২২ খিঃ |
| সভার সময় | সকাল ১০:০০ ঘটিকা। |
| স্থান | সম্মেলন কক্ষ, ওজোপাডিকো ট্রেনিং ইনস্টিটিউট, খুলনা। |
| উপস্থিতি | নির্বাহী প্রকৌশলী/ব্যবস্থাপক/সমপর্যায় এবং তদূর্ধ্ব সকল কর্মকর্তা। |

১। সভাপতি উপস্থিত সকল কর্মকর্তাগণকে স্বাগত জানিয়ে সভা শুরু করার সদয় সম্মতি জ্ঞাপন করেন। ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে নির্বাহী প্রকৌশলী (কারিগরী) গত ২৮ সেপ্টেম্বর ২০২১ তারিখে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভায় গৃহিত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি সভায় উপস্থাপন করেন। সভার এ পর্যায়ে নির্বাহী পরিচালক (প্রকৌশল) মহোদয় পরিচালন ও সংরক্ষণ সার্কেল দপ্তরসমূহ কর্তৃক দাখিলকৃত বিগত সভার সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদনের বিষয়ে পর্যালোচনা করেন। পরবর্তীতে যে কোনো সভার সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রেরণের ক্ষেত্রে সুস্পষ্ট ও সুনির্দিষ্ট তথ্য সরবরাহের নির্দেশনা প্রদান করেন।

২। সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে ব্যবস্থাপক (বাণিজ্যিক) চলতি অর্থবছরের ডিসেম্বর ২০২১ মাস পর্যন্ত প্রথমে সার্কেলভিত্তিক এবং পরবর্তীতে দপ্তরভিত্তিক অর্জিত সিস্টেম লস, সিবি রেশিও, বকেয়া সমমাস ইত্যাদি সংক্রান্ত প্রতিবেদন সভায় উপস্থাপন করেন। খুলনা শহরের ৪টি ডিভিশনসহ যে সকল দপ্তরে প্রি-পেমেন্ট মিটার স্থাপন করা হয়েছে এবং যে সকল দপ্তরের সিস্টেম লস যুক্তিসঙ্গত পর্যায়ে নামিয়ে আনা সম্ভব হয়নি সে সকল দপ্তরের সিস্টেম লসের বিষয়ে ব্যবস্থাপনা পরিচালক মহোদয় অসন্তোষ প্রকাশ করেন। পরবর্তীতে মোট গ্রাহকের তুলনায় প্রি-পেমেন্ট মিটার স্থাপনের সংখ্যা এবং ৩৩ কেভি সোর্স লাইনের দৈর্ঘ্যের ভিত্তিতে কিছু কিছু দপ্তরের সিস্টেম লসের লক্ষ্যমাত্রা পুনঃ নির্ধারণ করা হয়। এছাড়াও তিনি কারিগরী ও অকারিগরী সিস্টেম লস হ্রাস, বকেয়া আদায় বৃদ্ধি এবং গ্রাহক সেবার মান বৃদ্ধিসহ সামগ্রীক বিষয়ে সকলের প্রতি দিক নির্দেশনা প্রদান করেন।

৩। বিস্তারিত আলোচনা শেষে সভায় নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহিত হয়ঃ

| ক্রম | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| ৩.১ | সকল বিতরণ ট্রান্সফর্মারের লোড পরিমাপ করতঃ লোড ব্যালেন্স পূর্বক লোড রেজিস্টারে লিপিবদ্ধ করতে হবে এবং সে সংক্রান্ত দপ্তরওয়ারী সংখ্যা ভিত্তিক সারসংক্ষেপ তথ্য আগামী সভার পূর্বে একত্রীকরণ করে সদর দপ্তরের সমন্বয়কারী কর্মকর্তার নিকট উপস্থাপন করতে হবে। দপ্তরসমূহে সরেজমিন পরিদর্শনকালে তত্ত্বাবধায়ক প্রকৌশলীগণ লোড রেজিস্টার পরীক্ষা করবেন। | সকল সার্কেল প্রধান/ইএসইউ প্রধান |

<table>
<tr><td>৩.২</td><td>সার্ভিস কানেক্টর সংযোজনের পাশাপাশি বিতরণ ব্যবস্থার সকল প্রকার Twist Type Joint পরিহার করে যথাযথ মানের ও স্পেসিফিকেশনের কানেক্টর/ক্যাবল লাগ/মিড স্প্যান জয়েন্ট ব্যবহার করতে হবে। এ সংক্রান্ত দপ্তরওয়ারী সংখ্যা ভিত্তিক সারসংক্ষেপ তথ্য আগামী সভার পূর্বে একত্রীকরণ করে সদর দপ্তরের সমন্বয়কারী কর্মকর্তার নিকট উপস্থাপন করতে হবে।</td><td>সকল সার্কেল প্রধান/ইএসইউ প্রধান</td></tr>
<tr><td>৩.৩</td><td>যে সকল এলাকায় বিদ্যুৎ চুরি/নন-টেকনিক্যাল লস বেশি সে সকল এলাকায় সিঙ্গেল ফেজ বিতরণ ট্রান্সফর্মার স্থাপনের বিষয়ে একটি প্রতিবেদন নির্বাহী পরিচালক (প্রকৌশল) এর দপ্তরে দাখিল করতে হবে।</td><td>তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পরিকল্পনা ও উন্নয়ন)</td></tr>
<tr><td>৩.৪</td><td>গ্রাহকের সাথে ভালো ব্যবহারসহ গ্রাহক কর্তৃক প্রার্থীত সেবার মান বৃদ্ধি লক্ষ্যে কল সেন্টার/ওয়ান স্টপ সেবা কেন্দ্র/অভিযোগ কেন্দ্রসমূহে কর্মরত কতজন কর্মচারীকে মোটিভেশন/অন জব ট্রেনিং প্রদান করা হয়েছে তার তথ্য প্রেরণ করতে হবে।</td><td>সকল সার্কেল প্রধান/ইএসইউ প্রধান</td></tr>
<tr><td>৩.৫</td><td>উদ্ভাবনী ধারণা (Innovative Idea) বাস্তবায়নের মাধ্যমে গ্রাহক সেবা সহজীকরণ ও ডিজিটাইজেশন করাসহ দপ্তরের সামগ্রীক সৌন্দর্য্য ও কর্মপরিবেশ উন্নয়ন কার্যক্রমের আওতায় বাস্তবায়িত কাজের তথ্য প্রেরণ করতে হবে।</td><td>সকল সার্কেল প্রধান/ইএসইউ প্রধান</td></tr>
<tr><td>৩.৬</td><td>প্রকল্প কর্তৃক বাস্তবায়নাধীন বিতরণ লাইন নির্মাণ, পুনর্বাসন ও ফিডার বিভাজন কাজ নির্ধারিত সময়ে শেষ করার লক্ষ্যে ইনসুলেটর ও ট্রান্সফর্মার সংগ্রহ কাজ দ্রুত সম্পন্ন করতে হবে। এলক্ষ্যে ল্যান্ডপোর্ট/সরবরাহকারী প্রতিষ্ঠানের সাথে নিবিড় যোগাযোগ অব্যাহত রাখতে হবে।</td><td>প্রকল্প পরিচালক, ইএপিডিএস প্রকল্প</td></tr>
<tr><td>৩.৭</td><td>মোট গ্রাহকের তুলনায় প্রি-পেমেন্ট মিটার স্থাপনের সংখ্যা এবং ৩৩ কেভি সোর্স লাইনের দৈর্ঘ্যে হ্রাস পাওয়ায় নিম্নোক্ত দপ্তরসমূহের সিস্টেম লসের লক্ষ্যমাত্রা পুনঃ নির্ধারণ করা হয়ঃ
<table>
<tr><th>ক্রম</th><th>দপ্তরের নাম</th><th>পুনঃ নির্ধারিত সিস্টেম লস (%)</th></tr>
<tr><td>১।</td><td>বিবিবি-১, খুলনা</td><td>৭.৫০</td></tr>
<tr><td>২।</td><td>সাতক্ষীরা বি/স</td><td>৭.০০</td></tr>
<tr><td>৩।</td><td>বিবিবি-২, খুলনা</td><td>৭.২৫</td></tr>
<tr><td>৪।</td><td>রাজবাড়ী বি/স</td><td>৯.৫০</td></tr>
<tr><td>৫।</td><td>শরীয়তপুর বি/স</td><td>৯.০০</td></tr>
<tr><td>৬।</td><td>বিবিবি-২, ফরিদপুর</td><td>৮.০০</td></tr>
</table>
সংশ্লিষ্ট তত্ত্বাবধায়ক প্রকৌশলীগণ নিবিড় মনিটরিং করবেন। এছাড়া সকল দপ্তরকে নিজ নিজ লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকতে হবে।</td><td>সংশ্লিষ্ট দপ্তর প্রধান।</td></tr>
<tr><td>৩.৮</td><td>গ্রাহকের যে কোন অভিযোগ গুরুত্বসহকারে আমলে নিয়ে যত দ্রুত সম্ভব নিষ্পত্তি করতে হবে।</td><td>সকল সার্কেল প্রধান/ইএসইউ প্রধান</td></tr>
<tr><td>৩.৯</td><td>মাঠ পর্যায়ের দপ্তরসমূহের আওতায় স্থানীয় ব্যাংকের মাধ্যমে সংগৃহিত বিদ্যুৎ বিলের ভ্যাট এর অর্থ যাতে প্রতি মাসের ৩ তারিখের মধ্যে কোম্পানি'র খুলনাস্থ কেন্দ্রীয় ভ্যাট আদায় ব্যাংক হিসাবে স্থানান্তরিত হয় তা নিশ্চিত করার লক্ষ্যে নির্বাহী প্রকৌশলী/আবাসিক প্রকৌশলীগণ আঞ্চলিক হিসাব দপ্তরকে সার্বিক সহায়তা করবেন।</td><td>সকল আবাসিক প্রকৌশলী/নির্বাহী প্রকৌশলী</td></tr>
<tr><td>৩.১০</td><td>সিটি কর্পোরেশন/পৌরসভার মেয়রসহ সকল বকেয়াধারী গ্রাহকের সাথে প্রতিনিয়ত সরাসরি সাক্ষাত/যোগাযোগ রক্ষা, নোটিশ প্রদান এবং সংযোগ বিচ্ছিন্ন ইত্যাদি কার্যক্রম গ্রহণ করার মাধ্যমে বকেয়া আদায় বৃদ্ধি করতে হবে।</td><td>সকল সার্কেল প্রধান/ইএসইউ প্রধান</td></tr>
<tr><td>৩.১১</td><td>পরবর্তী সভায় প্রতিটি দপ্তরের ১১ কেভি ফিডার ভিত্তিক সিস্টেম লস এবং ইএসইউ ভিত্তিক সিবি রেশিও/বকেয়া সমসাসের তথ্য উস্থাপন করতে হবে।</td><td>ব্যবস্থাপক (বাণিজ্যিক)</td></tr>
<tr><td>৩.১২</td><td>মাঠ পর্যায় হতে প্রেরিতব্য জমাভিত্তিক কাজসহ সকল প্রকার ক্রয় (কাজ/পণ্য/সেবা) কাজের নথিতে আহিদ প্রধানগণ বাজেট সংক্রান্ত মতামতের পাশাপাশি কোম্পানি'র আর্থিক ক্ষমতা অর্পন বিধি (রাজস্ব/উন্নয়ন) এর আলোকে মতামত প্রদান করবেন।</td><td>ব্যবস্থাপক, আহিদ (সকল)</td></tr>
</table>

সভাপতি মহোদয় কোম্পানি'র বর্তমানে অর্জিত সিস্টেম লস আরো হ্রাস করা এবং রাজস্ব আদায় বৃদ্ধির প্রচেষ্টা অব্যহত রাখার জন্য সকলকে নিজ নিজ অবস্থান থেকে কাজ করে যাওয়ার আহ্বান জানান। একই সাথে ব্যবস্থাপনা কর্তৃপক্ষ সকল

প্রকার সহায়তা প্রদানের অঙ্গিকার ব্যাক্ত করেন। সভায় আলোচনার জন্য আর কোনো বিষয় না থাকায় সকল স্তরের কর্মকর্তা/কর্মচারীর যথাযথ নিরাপত্তা ও সুরক্ষা নিশ্চিত করতঃ স্বাস্থ্য বিধি মেনে করোনা ভাইরাস পরিস্থিতি মোকাবিলা ও প্রতিরোধের মাধ্যমে গ্রাহক আঙ্গিনায় নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের লক্ষ্যে সকলকে সচেতন থাকার জন্য আহ্বান জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

মোঃ আজহারুল ইসলাম
ব্যবস্থাপনা পরিচালক

স্মারক নম্বর: ২৭.২২.৪৭৮৫.০১০.০৬.০০১.২২.৩৫

তারিখ: ১৭ মাঘ ১৪২৮
৩১ জানুয়ারি ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) নির্বাহী পরিচালক (প্রকৌশল) (অতিরিক্ত দায়িত্ব), নির্বাহী পরিচালক (প্রকৌশল) এর দপ্তর, ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিঃ (ওজোপাডিকো)
২) নির্বাহী পরিচালক (অর্থ), নির্বাহী পরিচালক (অর্থ) এর দপ্তর , ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিঃ (ওজোপাডিকো)
৩) প্রধান প্রকৌশলী (ওএন্ডএম), প্রধান প্রকৌশলী (ওএন্ডএম) এর দপ্তর , ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিঃ (ওজোপাডিকো)
৪) প্রধান প্রকৌশলী, এনার্জি, সিষ্টেম কন্ট্রোল ও সেবা শাখা, ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিঃ (ওজোপাডিকো)
৫) মহাব্যবস্থাপক (হিসাব/ অর্থ/অডিট), মহাব্যবস্থাপক (হিসাব ও অর্থ ) এর দপ্তর, ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিঃ (ওজোপাডিকো)
৬) তত্ত্বধায়ক প্রকৌশলী ও সমমান
৭) সকল নির্বাহী প্রকৌশলী ও সমমান
৮) সকল আবাসিক প্রকৌশলী ও সমমান
৯) উচ্চমান সহকারী-১, প্রশাসন ও মানব সম্পদ উন্নয়ন এর দপ্তর, ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিঃ (ওজোপাডিকো)

মোঃ রুহুল আমিন
নির্বাহী প্রকৌশলী